

## হৃদয় খুড়োর হৃদিস আলাস্কাতে

- সব্যসাচী সরকার

ছোটবেলায় দাদুর মুখে তাঁর দাদুর এক খুড়োর কাহিনী শুনেছিলাম। সেই দাদুর দাদুর খুড়ো, আমাদের সবাইকার হৃদয়খুড়ো। আসল নাম যার হৃদয় রঞ্জন সরকার অপভ্রংশে হৃদে সরকার ও পরে Haida সরকার হয়ে ইতিহাস হয়ে গেছে।

খুবই ডাকাবুকো ছিলেন এই খুড়ো। তাই তাঁর নানা কাহিনীর মধ্যে বাড়ী ছেড়ে পালানোর কাহিনী আমাদের বাড়ীর সবাই জানে। ১৮০০ তে ইংরেজের বিরুদ্ধে দল করতে গিয়ে ধরা পড়ার ভয়ে দেশ ছেড়ে পালিয়ে গেলেন দেশের পশ্চিমে খাইবার পাস- এ তার উপস্থিতির খবর কাবুলিওয়াল মারফৎ তিনি আমাদের পূর্বপুরুষের বাড়ী বীরভূমের মন্দির গ্রামে পৌঁছে দিয়েছিলেন আর তারপর তাঁর খবর কেউ পাইনি।

স্মৃতিতে থাকা হৃদয়খুড়োকে আবার আবিষ্কার করলাম গত সপ্তাহে আমেরিকাতে। তার সেই হৃদিশ পাওয়ার গল্পই সংক্ষেপে বলছি। এবারে ১৮ই জানুয়ারী USA তে গিয়েছিলাম। Immigration counter -এ আমায় বসিয়ে রাখলো। সবাই চলে গেলে আমার অস্বস্তি হতে লাগলো। আমার নাকটা বড্ড বড়, নামটাও বড় তাই অন্য কিছু ভাবছে না তো American Homeland Security? যাই হোক দুজন officer আমায় একটা ঘরে নিয়ে গেলেন, I - 94 ইত্যাদি খুব সহজেই এবং খাতির করে করেদিলেন। এবারে একটা প্যাকেট আমার হাতে দিয়ে বললেন যে Alaska state -এর লোকদের তরফ থেকে Haida Sarkar -এর উত্তরাধিকার হিসেবে তার কিছু মূল্যবান কাগজপত্র আপনাকে দেওয়া হল। আমার মুখটা বিস্ময়ে হা হয়ে যাওয়াতে তাঁরা বললেন যে সমস্ত family root check করে তাঁরা নিশ্চিত যে Haida alias Hride alias Hriday Ranjan Sarkar আমার পূর্বপুরুষ। আমার মুখ উজ্জ্বল হয়ে উঠলো - স্বগোতোক্তি করে উঠলাম - “দাদুর হৃদয় খুড়ো” - officer দুজন আমাকে দেখছিলেন। আমার হাসি দেখে প্যাকেটটা আমার দিকে এগিয়ে দিলেন।

ঘরে পৌঁছে সাধারণ কাজগুলি সেরে যখন আরাম করার সময় পেলাম, তখন প্যাকেটটা খুলে ফেললাম। তাতে Alaska State Governor -এর এক পত্রে Haida -র সাহায্যের জন্য জনগনের শুভেচ্ছা জানানো হয়েছে এবং প্রায় ২০০ বৎসরের উপর তাঁর মূল্যবান ডায়েরিটি তার উত্তরাধিকারীকে পৌঁছে দিতে পেরে তারা আনন্দিত ও আমাকে Alaska ভ্রমণের নিমন্ত্রণ। ডায়েরিটির বিষয়টি এরকম :

হৃদে খুড়োকে দুই আফগান পয়সার বিনিময়ে ফরাসী দেশের এক সংস্থাকে বেচে দিয়েছিল। তাঁদের প্রশ্ন শুধু British দের নিয়ে। Bengal -এ কোথায় কোথায় British আছে, ইংরেজদের লোকবল ইত্যাদি। পরে কিছু Russian কে ও সেই সংস্থায় দেখা গেল। হৃদয়খুড়োর British- দের প্রতি ঘৃণা বুঝতে পেরে সেই সংস্থা তাদের কর্মসূচীর বিবরণ খুড়োর সঙ্গে আলোচনা করতে লাগলো - মোট কথা French - Russia মিলে British দের ভারত থেকে উৎখাত করার একচেষ্টা হয়েছিল। সেই project -এর নাম

Indian March Paul project। France - র দিক থেকে নেপোলিয়ান ও Russia -র দিক থেকে Tsar Paul I -এর স্বীকৃতি। খুড়োর কাছে তাদের একটাই সাহায্য যে এই allied Russo – French Expedition -র জন্য Black ও Caspian Sea থেকে ভারতে যাবার যে রাস্তাটা সেটা যেন তিনি ওদের ভালভাবে বুঝিয়ে দেন। বিনিময়ে ওরা খুড়ো কে সাধ্যমত সাহায্য করবেন। হুদে খুড়ো সদ্য সদ্য খাইবার পাস দিয়ে বেরিয়ে এসেছিলেন তাই ঐ ম্যাপটা তারপক্ষে অঁকা সহজ হয়েছিল। প্রতিদানে খুড়ো Russian – American company তে Alaska র প্রথম Governor Alexandre Baranov -র অধীনে কাজ করার সুযোগ পেলেন। খুড়োর গায়ের রঙ ওখানকার আদিবাসীদের গায়ের রঙের মত হওয়াতে আদিবাসী Red Indian -দের সঙ্গে তাঁর হৃদয়তা বেড়ে উঠলো। ওখানকার ভাষায় Haida মানে ওখানকার মানুষ তাই Hriday হয়ে গেল Baranov -এর উচ্চারণে Hride আর সেই আদিবাসীদের কাছে Haida মানে তাদের লোক। খুড়ো তাই Prince of Wales Island -এ Russia র জন্য মাছ, কাঠ আর ফার এর চামড়ার ব্যবসাতে আদিবাসীদের কাজে লাগালেন এবং যথেষ্ট ভালো পরিবেশে প্রায় ২০ বৎসর সেখানে বসবাস করে স্থানীয় লোকদের European দের আনা অসুখগুলি যেমন Small pox, Typhoid, Measles ইত্যাদি থেকে বাঁচার জন্য কি কি করার দরকার তার ব্যবস্থা করেছিলেন। পরিশেষে নিজেই typhoid -এ মারা যান। আলাস্কায় লোকেরা তাঁর স্মৃতিতে King George III নামাঙ্কিত Prince of Wales Island একটি লেক ও একটি নদীর নামকরণ করেন। প্রথমে এগুলিকে Haida Sarkar বলা হত কিন্তু আজ ওগুলোর নাম Sarkar Lake ও Sarkar River হয়ে আছে Tongass National Forest সীমাতে। খুব ভালো Pink Salmon ও trout মাছ পাওয়া যায় সেই নদীতে।

নেমস্তন্ন পত্রটি বাঁচিয়ে রেখেছি একবার গরমে ওখানে যাবার ইচ্ছা রইলো। ম্যাপটা ও URL address দিলাম। আপনারা ও যেতে পারেন।  
<http://www.fs.fed.us/r10/tongass/cabins/pow/sarkarlk.shtml>

